মেহেরপুর জেনারেল হাসপাতালে তিন দালালের জরিমানা

মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভ্রাম্যমান আদালত অভিযান চালিয়ে দালালির অপরাধে ৩ দালালের নিকট থেকে জরিমানা আদায় করা হয়েছে।

সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রাকিবুল হাসানের নেতৃত্বে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়।

সোমবার দুপুরের দিকে হাসপাতাল চত্বরে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে শাজাহান আলী, বাকের আলী এবং সোহাগ হোসেন নামের তিন যুবকের নিকট থেকে ৬ হাজার টাকা জরিমানা করা হয়।

শাজাহান আলী দিঘির পাড়া গ্রামের জামাত আলীর ছেলে, বাকের আলী একই এলাকার শামসুল হকের ছেলে এবং সোহাগ হোসেন দেলোয়ার হোসেনের ছেলে।

মেহেরপুর জেনারেল হাসপাতালে ভিতরে দন্ডবিধি ১৮৬০ এর ২৯১ ধারা লঙ্ঘন করায় ওই তিন যুবকের নিকট থেকে

২ হাজার করে মোট ৬ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। এ সময় আরও কয়েকজনকে মুচলেকা দিয়ে ছেড়ে দেওয়া হয়। অভিযানে অন্যদের মধ্যে মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের ইন্সপেক্টর তরিকুল ইসলাম, এসআই অজয় কুমার কুন্ডু, এএসআই আহসান হাবীব, মাহাতাব উদ্দিন, হেলাল উদ্দিন, টিএসআই সুলতানসহ সঙ্গীয় ফোর্স উপস্থিত ছিলেন

ঝিনাইদহে কৃষকদের মাঝে

বিনামুল্যে পেঁয়াজ বীজ, রাসায়নিক সার বিতরণ

গ্রীষ্মকালীন পেঁয়াজ আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ঝিনাইদহে ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের মাঝে বিনামুল্যে
বীজ, সার ও কৃষি উপকরণ করা হয়েছে।
সোমবার সকালে সদর উপজেলা পরিষদ চত্বরে ২০২১-২২ মৌসুমে সরকারের কৃষি প্রনোদনার অংশ হিসেবে সদর উপজেলা কৃষি অফিস এ কর্মসূচীর আয়োজন করে। অনুষ্ঠানে উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম শাহীনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা চেয়ারম্যান এ্যাড. আব্দুর রশিদ।
বিশেষ অতিথি ছিলেন জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রশিক্ষণ অফিসার বিজয় কৃষ্ণ হালদার, উপজেলা কৃষি অফিসার জাহিদুল করিম, মহিলা ভাইস চেয়ারম্যান আরতী দত্ত, কৃষি সম্প্রসারন অফিসার ইমদাদুল হাসান প্রমুখ।
কৃষি বিভাগ জানায়, গ্রীষ্মকালীন পেঁয়াজ আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রত্যেক কৃষককে ৪০ কেজি রাসায়নিক সার, ১ কেজি উন্নত মানের পেঁয়াজ বীজসহ কৃষি উপকরণ বিতরণ করা হয়েছে।

মুক্তিযোদ্ধা যাচাই কমিটি বাতিলের দাবিতে এবার মানববন্ধন

মেহেরপুর সদর উপজেলার মুক্তিযোদ্ধা যাচাই বাছাই কমিটি বাতিলের দাবিতে মানববন্ধন করেছেন মুক্তিযোদ্ধারা।
গতকাল রবিবার সকালে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ের সামনের সড়কে মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন (অবঃ) আব্দুল মালেক এর নেতৃত্বে মুক্তিযোদ্ধারা এ মানববন্ধন কর্মসূচী পালন করেন। পরে জেলা

প্রশাসকের কাছে তাদের দাবি সম্বলিত স্মারকলিপি জমা দেন।মানববন্ধনে মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন (অবঃ) আব্দুল মালেক বলেন, জামুকার ১৮/০৪/১৯ ইং তারিখের স্মারকে গঠিত সদর উপজেলা মুক্তিযোদ্ধা যাচাই বাছাই কমিটিতে মুক্তিযোদ্ধা হুমায়ুন কবিরের নাম ছিলনা। গত ৩০ জানুয়ারি ২১ ইং তারিখে গেজেটভুক্ত মুক্তিযোদ্ধা যাচাই-বাছাইয়ের জন্য যে তালিকা প্রকাশ করা হয়েছিল সেখানে দুইবার যাচাই-বাছাইয়ের জন্য মুক্তিযোদ্ধা হুমায়ুন কবিরের নাম এসেছিল। কিন্তু পরের বার মুক্তিযোদ্ধা হুমায়ুন কবিরের নাম বাদ যায়। আশ্চর্যজনকভাবে ওই বিতর্কিত ব্যক্তিকে আবার যাচাই বাছাই কমিটির সভাপতি করা হলো।
মুক্তিযোদ্ধা মালেক বলেন, এ পর্যন্ত যারা সনদের মাধ্যমে মুক্তিযোদ্ধা হয়েছেন, তাদের অনেককে মুক্তিযোদ্ধা হুমায়ন কবির সনদ দিয়েছেন। যিনি সনদ দিয়েছেন আবার তিনিই যাচাই বাছাই কমিটির সভাপতি এটা খুবই আশ্চর্যের বিষয়।
তিনি প্রশাসনের উদ্দেশ্যে বলেন, ‘জি হুজুর, ইয়েস স্যার, জি স্যার’ বাদ দিয়ে বাস্তবতায় ফিরে আসুন। নেতাদের মিথ্যা তথ্য দিবেন না। এইসব ঘটনা এড়িয়ে যাবেন না। এই মানববন্ধন কর্মসূচীতেও যদি কমিটি বাতিল না হয় তাহলে আরো কঠিন কর্মসূচী দেওয়ার হুশিয়ারি দেন তিনি।
মানববন্ধনে মুক্তিযোদ্ধা উজির আলী, আনোয়ার হোসেন, সেলিম আক্তার, আবুল হোসেন, আহাদ আলী, আফজাল হোসেন, শুকুর আলী, জালাল উদ্দিন, আবু তাহের, নাজিম উদ্দিন, মিনহাজ উদ্দিন, সুলতান আহমেদ, মুসা করিম, কাসিদুল ইসলাম, বজলুল হক, সিরাজুল ইসলাম, তৌফিক আলী, আঃ লতিফ, ইঞ্জিঃ নুরুল ইসলাম, মোফাজ্জেল হোসেন মাস্টার, সিনিঃ ওয়ারেন্ট অফিসার চাঁদ আলী (অবঃ), খোরশেদ আলমসহ প্রায় ৮০ জন মুক্তিযোদ্ধা অংশ নেন।
এর আগে গত বুধবার সদর উপজেলা মুক্তিযোদ্ধা যাচাই বাছাই কমিটি বাতিলের দাবিতে সংবাদ সম্মেলন করেন।

মুজিবনগরে বাগোয়ান ইউনিয়ন

আওয়ামীলীগের বর্ধিতসভা অনুষ্ঠিত

প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনাকে জাতিসংঘের এসডিজি অগ্রগতি পুরস্কার ও ‘জুয়েল ইন দি ক্রাউন অব দি ডে’ হিসাবে ভূষিত করা উপলক্ষে মুজিবনগরে বাগোয়ান ইউনিয়ন আওয়ামীলীগের বর্ধিতসভা অনুষ্ঠিত হয়েছে। রবিবার মুজিবনগর কমপ্লেক্স অডিটোরিয়ামে এ বর্ধিতসভা অনুষ্ঠিত হয়।

বাগোয়ান ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মজিবুর রহমান মধু’র সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।

প্রধান অতিথির বক্তব্যে ফরহাদ হোসেন বলেন, আমরা আওয়ামীলীগের কর্মী হিসেবে বঙ্গবন্ধুর সপ্ন বাস্তবায়নে কাজ করে যাচ্ছি। বঙ্গবন্ধু দুটি সপ্ন দেখতে, একটি হলো, বিশ্বের মানচিত্রে স্বাধীন রাষ্ট্র হিসেবে বাংলাদেশকে প্রতিষ্ঠিত করা আর প্রত্যেক মানুষ যাতে উন্নত জীবন-যাপন করে সেই সোনার বাংলা গড়া।

বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধুর সপ্ন বাস্তবায়নে দিনরাত পরিশ্রম করে যাচ্ছেন। বাংলাদেশের এই উন্নয়ন ধারা অব্যহত রাখতে আওয়ামিলীগের সাথে থাকার আহবান জানান কর্মীদের প্রতি।

বাগোয়ান ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক নজরুল ইসলামের সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য দেন, পাবলিক প্রসিকিউটর পল্লব ভট্টাচার্য, জেলা আওয়ামীলীগের যুগ্ন সাধারণ এ্যাড: ইব্রাহীম শাহিন।

এসময় উপস্থিত ছিলেন, জেলা আওয়ামীলীগে সদস্য ও মুজিবনগর আওয়ামীলীগের সহ সভাপতি রফিকুল ইসলাম তোতা, মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আমাম হোসেন মিলু,ইউনিয়নের সকল ওয়ার্ডের সভাপতি সাধারণ সম্পাদক সহ বিপুল সংখ্যাক নেতা কর্মীবৃন্দ।

মেহেরপুরে ২ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে নতুন করে ২ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ১ জন, গাংনী ১ জন।

রবিবার রাতে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন।

সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ৮৯ টি। তারমধ্যে ২ জন করোনা পজিটিভ। এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ২২ জন।

তার মধ্যে সদরে ৪ জন, গাংনীতে ৭ জন এবং মুজিবনগরে ১১ জন। এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ১৮০ জন ।

মৃতদের মধ্যে সদরে ৮২ জন, গাংনী ৫৮ জন ও মুজিবনগরে ৪০ জন।

কোটচাঁদপুরে বসত বাড়ি থেকে ২’শ ৪৮ রাউন্ড গুলি উদ্ধার

কোটচাঁদপুর থানা পুলিশ পৌর এলাকার সলেমানপুর দাশ পাড়ার একটি বাড়ি থেকে ২’শ ৪৮ রাউন্ড থ্রি নট থ্রি রাইফেলের গুলি উদ্ধার করেছে।

গত শনিবার রাতে প্রয়াত বীর মুক্তিযোদ্ধা সামছুদ্দিনের বাড়ি থেকে অতিরিক্ত পুলিশ সুপার (কোটচাঁদপুর সার্কেল) মোহাইমিনুল ইসলামের নের্তৃত্বে এ গুলি উদ্ধার করা হয়।

থানার সেকেন্ড অফিসার এসআই আব্দুল মান্নান জানান, প্রয়াত মুক্তিযোদ্ধার ছেলে উজ্জ্বল (৪০) কিছু দিন আগে নিজেদের জমিতে চাষাবাদ করতে গিয়ে মরিচা পড়া পরিত্যাক্ত গুলি দেখতে পায়। পরে সে

গুলি গুলো নিজ বাড়িতে নিয়ে রাখে।

গত শনিবার বিষয়টি সে থানা পুলিশকে জানায়। খবর পেয়ে পুলিশ ওই রাতেই তার বাড়ি থেকে ২’শ ৪৮ রাউন্ড থ্রি নট থ্রি রাইফেলের গুলি উদ্ধার করে। পুলিশের ধারনা মুক্তিযোদ্ধা চলাকালিন সময় মুক্তিযোদ্ধারা ওই স্থানে গুলিগুলো মজুদ করে রাখছিলেন।

এখানে আরো আগ্নেয়াস্ত্র ও গোলা বারুদ থাকতে পারে এমন আশংকায় রবিবার বিকালে র্যাবের বোমা ডিসপোজাল ইউনিট ঘটনাস্থলে আসেন ও অনুসন্ধান চালান।

ঝিনাইদহ র্যাব-৬ এর কোম্পানি কমান্ডার মীর্জা শরিফ বলেন, এখানে মেটাল জাতীয় কিছু থাকতে পারে। রবিবার রাত ৮ টার দিকে অনুসন্ধান কাজ স্থগিত করা হয়। আগামীকাল সকালে পূনরায় ওই স্থানে অনুসন্ধানের কাজ শুরু করা হবে। বর্তমানে স্থানীয় থানা পুলিশ ওই স্থানটিকে ঘিরে রেখেছে।

ঝিনাইদহ কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট উত্তপ্ত

ঝিনাইদহের কৃষি প্রশিক্ষণ ইউন্সিটিউটে (এটিআই) ৩ ছাত্রকে বদলী ও হলে থাকা ৮ ছাত্রের সিট বাতিলের বিরুদ্ধে ফুঁসে উঠেছে ছাত্রছাত্রীরা। এ ঘটনার প্রতিবাদে তারা বিক্ষোভ প্রদর্শন করেন। আইন শৃঙ্খলা পরিস্থিতির অবনতির আশঙ্কায় কলেজ ক্যাম্পাসে পুলিশ মোতায়েন করা হয়েছে।

জানাগাছে, ২০২০ সালে ছাত্রদের হোস্টেলে রঙ করার কাজ করানো হয় ঠিকাদারের মাধ্যমে। এসময় ছাত্রদের ব্যক্তিগত বাক্স ভেঙে টাকা চুরিসহ জিনিসপত্র তসরুপ করে রঙ মিস্ত্রিরা। ছাত্রদের অভিযোগের ভিত্তিতে শহিদুল ইসলাম নামে এক শিক্ষককে তদন্তসহ মিমাংশার দায়িত্ব দেওয়া হয়। ছাত্রছাত্রীরা জানিয়েছেন, করোনার কারণে সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ হয়ে গেলে এটিআই’ও বন্ধ হয়ে যায়।

ঝিনাইদহের প্রিয় মুখ লুতু মিয়া আর নেই

দৈনিক মানবজমিন পত্রিকার জেলা প্রতিনিধি আমিনুল ইসলাম লিটনের চাচা ও বিসিক শিল্প মালিক সমিতির সাধারণ সম্পাদক নাজিম উদ্দীন জুলিয়াসের পিতা ঝিনাইদহের দক্ষ ক্রিড়া সংগঠক, বিশিষ্ট ব্যবসায়ী ও সমাজসেবক লুৎফর রহমান লুতু মিয়া আর নেই (ইন্না লিল্লাহে ওয়া ইন্না ইলাইহে রাজিউন)।

রোববার বিকালে ঝিনাইদহ সদর হাসপাতালে নিউমোনিয়া রোগে আক্রান্ত হয়ে তিনি ইন্তেকাল করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৯৩ বছর। তিনি স্ত্রী, চার ছেলে ও এক মেয়ে রেখে গেছেন। মরহুমের বড় ছেলে অংকুর নাট্য একাডেমীর সাধারণ সম্পাদক নাজিম উদ্দীন জুলিয়াস জানান, গত ২৩ সেপ্টম্বর তার পিতা গুরুতর অসুস্থ হয়ে পড়লে তাকে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়।

সেখানেই চিকিৎসাধীন অবস্থায় রোববার বিকাল ৩.১৫টায় ইন্তেকাল করেন। রোববার রাত ৮টায় উজির আলী স্কুল মাঠে জানাযা শেষে ঝিনাইদহ পৌর গোরস্থানে সমাজসেবক লুৎফর রহমান লুতু মিয়ার দাফণ করা হবে বলে নাজিম উদ্দীন জুলিয়াস জানান।

জানা গেছে, স্বধীনতা পুর্ব ও স্বাধীনতা উত্তর ঝিনাইদহ শহরের সাংস্কৃতি ও ক্রিড়া ক্ষেত্রে তার অবদান অনস্বীকার্য্য। ঝিনাইদহে তিনি লুতু মিয়া নামে পরিচিত ছিলেন। তার মৃত্যুর খবরে ঝিনাইদহের রাজনৈতিক, সামাজিক ও ক্রিড়াঙ্গনে শোকের ছায়া নেমে আসে।

মেহেরপুরে সড়ক দূর্ঘটনায় নিহত ১ আহত ৭

মেহেরপুর মুজিবনগরের মহাজনপুর সড়কের কোমরপুরে সড়ক দুর্ঘটনায় হাসান নামের এক যুবকের মৃত্যু হয়েছে।

রবিবার সন্ধ্যার দিকে এ দুর্ঘটনা ঘটে। নিহত হাসান মেহেরপুর শহরের মল্লিকপাড়ার সানোয়ার হোসেনের ছেলে। এ ঘটনায় আরও ৭জন আহত হয়েছেন।

আহতরা হলেন মেহেরপুর সদর উপজেলার দিঘির পাড়া গ্রামের ফকির আলীর ছেলে মন্টু , টেনু মিয়ার ছেলে হামিদুল ইসলাম, ফকির মোহাম্মদ এর ছেলে ঝুমুর, , তারাচাঁদের ছেলে শহীদুল ইসলাম, বজলুর রহমানের ছেলে পলাশ, জালাল উদ্দিনের ছেলে মিনারুল ইসলাম ও আইনুদ্দিনের ছেলে আবু বক্কর ।
জানা গেছে নিহত ও আহত ব্যক্তিরা চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার সদরপুকুর হাটে গরু বিক্রি করে একটি আলগামন যোগে বাড়ি ফিরছিল।
একই সময়ে কাপড় বোঝায় অপর একটি আলগামনকে ওভারটেক করতে গেলে আলগামনটি উল্টে যায় এবং ঘটনাস্থলেই হাসান মৃত্যুবরণ করেন। স্থানীয়রা আহতদের উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে পাঠান।

বাংলাদেশ যুব মহিলা লীগ কেন্দ্রীয় কমিটির মুজিবনগর স্মৃতিসৌধে পু্ষ্পস্তবক অর্পণ

বাংলাদেশ যুব মহিলা লীগ কেন্দ্রীয় কমিটির নেতৃবৃন্দ মুজিবনগর স্মৃতিসৌধে পু্ষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেছেন। মেহেরপুর সার্কিট হাউজ থেকে রওনা হয়ে
রবিবার বেলা ১২ টার সময় বাংলাদেশ যুব মহিলা লীগ কেন্দ্রীয় কমিটির সভাপতি নাজমা আক্তারের নেতৃত্বে মহান মুক্তিযুদ্ধের স্মৃতি বিজোড়িত বাংলাদেশের প্রথম সরকারের শপথ ভূমি বাংলাদেশের অস্হায়ী রাজধানী ঐতিহাসিক মুজিবনগর স্মৃতিসৌধে মুক্তিযুদ্ধ সহ সকল শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে পু্ষ্পস্তবক অর্পণ করেন।পু্ষ্পস্তবক অর্পণ শেষে শহীদদের আত্মার মাগফিরাত কামনা করে দোয়া ও ১ মিনিট নিরবতা পালন করা হয়।এসময় উপস্থিত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রীর পত্নী ও কেন্দ্রীয় যুবমহিলা লীগের সদস্য সৈয়দা মোনালিসা ইসলাম, কেন্দ্রীয় যুবমহিলা লীগের সহ সভাপতি